

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলছড়ি, গাইবান্ধা।

স্মারক নং-৩১.৫৫.৩২২১.০০০.০৪.০০৩.২১- ২২

তারিখঃ ২৭ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ
১১ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ

২০ (কুড়ি) একর পর্যন্ত বন্ধ খাস জলাশয় সমূহের ১৪৩০ বাংলা সন হতে ১৪৩২ বাংলা সনের
ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা ফুলছড়ি উপজেলাধীন সকল নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতিতে জানানো যাচ্ছে যে, ফুলছড়ি উপজেলার ২০ (কুড়ি) একর পর্যন্ত বন্ধ খাস জলাশয়সমূহ ১৪৩০ বাংলা সনের ১লা বৈশাখ হতে ১৪৩২ বাংলা সনের ৩০শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা প্রদানের জন্য নির্ধারিত ফরমে দরপত্র সিডিউলের মাধ্যমে বিজ্ঞপ্তি তথ্যাদি ও শর্তসমূহের ভিত্তিতে সীলমোহর যুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।


ক্র.নং	ইউনিয়নের নাম	জলমহালের নাম	আয়তন (একরে)	সরকারি মূল্য	সিডিউলের মূল্য	মন্তব্য
১	কক্ষিপাড়া	ঘোলদহ বিল	১.৬৯ একর	৬৯,৬১৫/-	৫০০/-	
২	উদাখালী	পেত্তানিকুড়া বিল	১.২৩ একর	৩,২৫,৫০০/-	৫০০/-	
৩	গজারিয়া	গজারিয়া জলকর	০.৮৮ একর	৩,২০,২৫০/-	৫০০/-	

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বন্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউল:

ক্র.নং	তারিখ	গৃহীত কার্যক্রম	মন্তব্য
০১	০১ মাঘ থেকে ০৫ মাঘের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান।	
০২	০৬ মাঘ থেকে ২৫ মাঘের মধ্যে	অনলাইনে ইজারার আবেদন দাখিল।	
০৩	২৬ মাঘ থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল।	
০৪	০৬ ফাল্গুনের মধ্যে	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই।	
০৫	১৫ ফাল্গুনের মধ্যে	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন।	
০৬	২৯ ফাল্গুনের মধ্যে	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।	
০৭	০৭ চৈত্রের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ।	
০৮	২৩ চৈত্রের মধ্যে	ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুলো ইজারা মূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন।	
০৯	১লা বৈশাখ	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।	

- অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।
- অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্ট কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে সংশ্লিষ্ট জেলা/উপজেলায় দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

(বিঃদ্র: ভূমি মন্ত্রণালয়ের সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ এর ০৮-১১-২১শি: তারিখের ১২০নং স্মারকের পরিপত্র অনুযায়ী সকল বিষয় নির্ধারিত)


মোঃ আনিসুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ফুলছড়ি, গাইবান্ধা।